

উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : তাহমিনা খাতুন
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া
সভার তারিখ: : ০৫ আগস্ট ২০১৯
সময় : ১০.০০ ঘটিকা
স্থান : জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বগুড়া

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা- পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব সোনালী সরকার গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচনার বিষয় সমূহ :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৪ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি সফল ভাবে সম্পন্ন	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৪ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রালয় এবং জেলা প্রশাসক কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সংগতি রেখে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে কার্যক্রম গ্রহণ করা এবং উক্ত দিবসে গৃহীত কর্মসূচিতে কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও , এইউইও এবং প্রধান শিক্ষক
০২	“মুজিব বর্ষ” উদযাপন	“মুজিব বর্ষ” উদযাপন উপলক্ষে ১২ টি উপজেলার প্রায় ৮০% বিদ্যালয়ে বঙ্গবন্ধু বুক কর্ণার স্থাপন করা হয়েছে মর্মে উপজেলা শিক্ষা অফিসারগণ জানান। আগামী ৩১ আগস্ট এর মধ্যে ১০০% বঙ্গবন্ধু বুক কর্ণার স্থাপন সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। “মুজিব বর্ষ” উদযাপন উপলক্ষে স্থানীয় উদ্যোগে প্রথমে প্রতি ক্লাস্টারে ০৫ টি করে শহীদ মিনার স্থাপন এবং পরবর্তীতে ৩০ নভেম্বর-২০১৯ এর মধ্যে সকল বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে ২৫/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে প্রতিটি বিদ্যালয়ে বিষয় শিক্ষক কর্তৃক শিক্ষার্থী অনুযায়ী কত জন বাংলা ও ইংরেজি বিষয়ে সাবলীল ভাবে রিডিং পড়তে পারে তার জরিপ সম্পন্ন করতে হবে এবং ৩১ অক্টোবর-২০১৯ এর মধ্যে রিডিং পড়ার ব্যবস্থা করতে হবে।	ইউইও , এইউইও এবং প্রধান শিক্ষক
০৩	পরিদর্শন	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অনলাইনে নির্ধারিত সফট ওয়ারের মাধ্যমে তাদের লক্ষ্যমাত্রা অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করবেন এবং পরিদর্শন কপি প্রিন্ট করে ০১ কপি বিদ্যালয়ে এবং ০১ কপি অফিসে সংরক্ষণ করত ইউইও পরিদর্শন প্রতিবেদন, ইউইও এবং এইউইও পরিদর্শন সারসংক্ষেপ, পরিদর্শন মূল্যায়ন ও ভ্রমন সূচি পরবর্তী মাসের ১ তারিখের মধ্যে ডিপিইও অফিসে আবশ্যিক ভাবে প্রেরণ করার এবং পরিদর্শন পরিসংখ্যান প্রদান ব্যতিত রিপোর্ট প্রেরণ করা হবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও
০৪	বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি	বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে আগামী ০৮/০৮/২০১৯খ্রিঃ তারিখে সহকারী উপজেলা শিক্ষা অফিসারের সাথে উপজেলা শিক্ষা অফিসারের, এবং ৩১/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে প্রধান শিক্ষকের সাথে সহকারী উপজেলা শিক্ষা অফিসারের, চুক্তি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও , এইউইও এবং প্রধান শিক্ষক
০৫	স্লিপ কার্যক্রম সংক্রান্ত	২০/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে স্লিপের কার্যক্রম বাস্তবায়ন করে প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	এইউইও এবং প্রধান শিক্ষক
০৬	বিভিন্ন ধরনের মেরামত	২০১৮-১৯ অর্থ বছরের যে সকল বিদ্যালয়ের অনুকূলে বড়ধরনের মেরামত, সীমানা প্রাচীর, মাইনর মেরামত, রুটিন মেইনটেইনেন্স, ক্ষুদ্র মেরামত ও ওয়াসত্রক বরাদ্দ এসেছে সে সমস্ত বিদ্যালয়ের কাজ সম্পন্নের প্রতিবেদন পুনরায় ২০/০৮/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও , এইউইও এবং প্রধান শিক্ষক
০৭	নৈতিকতা ও শুদ্ধাচার	সর্বশেষ নীতিমালার আলোকে নৈতিকতা ও শুদ্ধাচার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অন্তে শুদ্ধাচার বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও